



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপত্র (২য় খন্ড)/২০১১/২৮০

তারিখঃ ১৯/০৫/২০১৬

## প্রেস বিজ্ঞপ্তি

৫৭৩ তম কমিশন সভা অদ্য ১৯/০৫/২০১৬ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন Yeakin Polymer Limited এর প্রতিটি ১০.০০ টাকা মূল্যের ২০০,০০,০০০ টি সাধারণ শেয়ার অভিহিত মূল্যে প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ২০,০০,০০,০০০/- টাকা পুঁজি উত্তোলন করে মেশিনারিজ ক্রয়, ফ্যাক্টরী ও প্রশাসনিক ভবন নির্মাণ এবং আনুসঙ্গিক খরচ খাতে ব্যয় করবে। প্রসংগত, কোম্পানীটি পুঁজিবাজার থেকে উত্তোলিত কোন অর্থ ঋণ পরিশোধের কাজে ব্যবহার করবে না। কোম্পানীটির ৩০ জুন ২০১৫ তারিখে সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় (EPS) টাঃ ১.৪১ এবং নেট এ্যাসেট ভ্যালু (NAV) টাকা ১৪.৬১। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Imperial Capital Limited এবং FAS Capital Management Limited।
২. চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর পরিচালনা পর্ষদ কর্তৃক সুপারিশের প্রেক্ষিতে জনাব এম. সাইফুর রহমান, এফসিএ, এফসিএমএ -কে Chittagong Stock Exchange Limited (Board and Administration) Regulations, 2013 এর সংশ্লিষ্ট প্রবিধানসমূহ পরিপালন সাপেক্ষে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক হিসেবে নিয়োগ প্রদানের বিষয়টি কমিশন অনুমোদন করেছে।

  
১৯/০৫/২০১৬

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক

ও

মুখপত্র।